

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫২২২

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

الفصل الثالث

আরবী

وَعَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: أَرْبَعٌ إِذَا كُنَّ فِيكَ فَلَا عَلَيْكَ مَا فَاتَكَ مِنَ الدُّنْيَا: حِفْظُ أَمَانَةٍ وَصِدْقُ حَدِيثٍ وَحُسْنُ خَلِيقَةٍ وَعِفَّةٌ فِي طُعْمَةٍ. رَوَاهُ أَحْمَدُ وَالْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَانِ»

اسناده ضعيف ، رواه احمد (2 / 177 ح 6652) و البيهقي في شعب الايمان (4801) [و ابن وهب في الجامع (546)] * فيه عبدالله بن لهيعة مدلس و عنعن و في الحديث علة أخرى ، انظر شعب الايمان (5258) و مكارم الاخلاق للخرائطي (31 ، 159 306) وهي مظنة الانقطاع بين الحارث بن يزيد الحضرمي و بين عبدالله بن عمرو ابن العاص رضى الله عنه ، و الله اعلم و بنحو هذا الحديث روى ابن وهب (547) و ابن المبارك في الزهد (1204) موقوفاً على عبدالله بن عمرو رضى الله عنه و سنده حسن -

বাংলা

৫২২২-[৬৮] উক্ত রাবী [‘আবদুল্লাহ ইবনু ‘আমর (রাঃ)] হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন : যখন তোমার মাঝে চারটি বস্তু বিদ্যমান থাকে, তখন দুনিয়ার যা কিছুই তোমার ছাড়া হয়ে যায় তোমার কোন ক্ষতি নেই। আমানত রক্ষা, সত্য কথা, উত্তম চরিত্র ও খানাপিনায় সাবধানতা অবলম্বন। (আহমাদ ও বায়হাকীর শুআবুল ইমান)

ফুটনোট

সহীহ : মুসনাদে আহমাদ ২/১৭৭, সহীহুল জামি ৮৭৩, সহীহ আত তারগীব ওয়াত তারহীব ২৯২৯, সিলসিলাতুস সহীহাহ) ৭৩৩, শু'আবুল ঈমান ৪৮০১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মানব স্বভাব ও চরিত্রের কয়েকটি মৌলিক বৈশিষ্ট্যের কথা এখানে বলা হয়েছে, যেগুলো কোন মানুষের মধ্যে থাকলে পার্থিব সম্পদ বা অন্য কিছু না থাকলেও কিংবা নষ্ট হয়ে গেলেও কোন ক্ষতি নেই। ‘আল্লামাহ্ হুসাইন (রহিমাহুল্লাহ) বলেন : উল্লেখিত বাক্যে (لَا) হলো মাসদারিয়াহ্ এবং এখানে(الْوَقْتُ) উহ্য রয়েছে। অতএব বাক্যটি হবে এরূপ: (لَا بَأْسَ عَلَيْهِ وَقْتُ فَوْتِ الدُّنْيَا إِنْ حَصَلَتْ لَكَ هَذِهِ الْخِصَالُ) অর্থাৎ যদি এই বৈশিষ্ট্যগুলো তোমার অর্জিত হয় তাহলে দুনিয়ার বস্তুগুলো ছুটে গেলে তোমার কোনই সমস্যা নেই। এই (لَا)-টি না-বাচকও হওয়ার সম্ভাবনা রয়েছে, তখন বাক্যের অর্থ হবে এরূপ: এ বৈশিষ্ট্যগুলো তোমার মধ্যে থাকলে তোমার কোনই সমস্যা হবে না, আর দুনিয়াও তোমার থেকে কখনো ছুটে যাবে না। প্রথম অর্থটি অধিক সামঞ্জস্যশীল। হাদীসে বর্ণিত চারটি বৈশিষ্ট্যের অন্যতম একটি হলো আমানতের হিফায়ত; আর সম্পদ ও ‘আমল দুটিও আমানতের অন্তর্ভুক্ত।

দ্বিতীয়টি হলো- সত্য কথা। এটিও ব্যাপকার্থে গ্রহণ করতে হবে। অর্থাৎ সকল প্রকারের কথাতেই সত্যবাদী হতে হবে।

তৃতীয়টি হলো- সৎ চরিত্র। সৎ চরিত্রের চেয়ে শ্রেষ্ঠ মানবীয় গুণ আর কিছু নেই। এটা সৃষ্টিগতভাবেই যারা ভালো সেই এর প্রকৃত হকদার। অনেক খারাপ চরিত্রের মানুষকেই কসরত করে ভালো চরিত্রের অধিকারী হওয়ার চেষ্টা করতে দেখা যায়, কিন্তু চরিত্রের সঠিক পরীক্ষার সময় তাদের সে মেকী চরিত্র প্রকাশ হয়ে পড়ে।

চতুর্থ বৈশিষ্ট্য হলো খানা-পিনায় পবিত্র ও নিষ্পাপ হওয়া অর্থাৎ হারাম থেকে আত্মরক্ষা করা এবং হালালে পরিতুষ্ট থাকা। (মিরকাতুল মাফাতীহ; আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩০৬; আল লুম'আহ্ ৮ম খণ্ড, ৪৪৮ পৃ.)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85202>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন